NEW BLOWN

-An Int'l Standard School-

Class-Three

1st Week

Subject	Lesson
Bang.-I	গদ্য: ভাষা শহিদদের কথা রিডিং, শব্দার্থ, যুক্তবর্ণ, সং:প্র:উ:, মূলভাব এবং প্র:উ: (শীট থেকে)
Science	অধ্যায়: ৫ (মাটি): রিডিং, রিডিং অন্তর্ভুক্ত সং:প্র:উ:, শূন্যস্থান, পৃ: ৩৫ এর ১,২,৪নং (বই থেকে) এবং পৃ: ৩৫ এর ৩নং এর সং:প্র:উ: এবং যোগ্যতা:প্র: উ: (শীট থেকে) পড়বে।
Math	পৃ: ৫০ গুণ এর ২নং, পৃ: ৫৪ এর গুণ (১-৭)নং; পৃ: ৫৯ এর গুণ ১নং এর (১-১০)নং এবং পৃ: ৫৯ এর ২নং এর (১-১২)নং গুণ, পৃ: ৬০ এর গুণের সমাধান ৩,৪নং করবে।
Eng-II	Vowel, Consonant, Pg-8 (Defi. and Example); Syllable, Pg-11 (Dfi., Ex and kinds); Word, subject and predicate: Pg-10, 33 (Defi, Ex)
Islam Reli.	অধ্যায়: ৩ (আখলাক) রিডিং, রিডিং থেকে শূন্যস্থান, সং:প্র:উ: পড়া। অনুশীলনীর-২,৩,৪নং পড়া (বই)। বাম-ডান এবং যোগ্যতা:প্র: উ: (শীট থেকে) পড়বে।

2nd Week

Subject	Lesson
Bang.-II	ধ্বনি, বর্ণ: পৃ: ১৫, ১৬ (সংজ্ঞা, উদাহরণ, প্রকারভেদ); বচন, ক্রিয়ারকাল: পৃ: ৪১, ৫৯ (সংজ্ঞা, উদাহরণ এবং তার প্রকারভেদ ও তার উদাহরণ); ক্রিয়া পদের চলিতরূপ: পৃ: ৬,৮ (ভাষা শহিদদের কথা ও একজন পটুয়ার কথা); চিঠি: পৃ: ১৩৬ এর ৯নং এবং রচনা: বাংলাদেশের জাতীয় পাখি।
English-I	Punctuation: Unit-17, 21, 27 (Pg-100); Form fill up: 5,6 no. Pg-(Book) Letter: 2,4 no. Pg- 134, 136; Seen Model- 5,7 (Reading and 1,2,3bQ)
G.K	বাংলাদেশের কৃষি ও খনিজ: (১,৪,৬,৭,৮,৯); প্রাণিজগৎ, স্তন্যপায়ী প্রাণী: (১,৪,৫,১৩) এবং পাখি: (১,২,৩,১০,১৭,১৮); দেশ পরিচিতি: এশিয়া মহাদেশ (১ম ৮টি)
B.G.S	অধ্যায়-৫ (মানুষের গুণ), অধ্যায়-৬ (সামাজিক পরিবেশের উন্নয়ন) রিডিং এব রিডিং থেকে শূন্যস্থান, সং:প্র:উ: পড়া। শব্দভান্ডার: (জনসংখ্যার ঘনত্ব – মহাদেশ) পর্যন্ত পৃ: ৭৮।

3rd & 4th Week

Subject	Lesson
Bang.-I	পদ্য: আদর্শ ছেলে, বড় কে? : কবিতা মুখস্থ এবং শীটের প্রশ্নোত্তর (ক – ঘ)নং। পাঠ্যবই বহির্ভূত অনুচ্ছেদ: পৃ: ১৭৯ নমুনা প্রশ্ন ৩নং আজকের শিশুই................। ৩নং (শূন্যস্থান) এবং ৪নং প্রশ্নোত্তর (ক,খ,গ)নং (বাংলা ২য় পত্র বই থেকে)
Science	অধ্যায়-৬ (বায়ু) রিডিং, রিডিং থেকে শূন্যস্থান ও সং:প্র:উ: এবং অনুশীলনীর ১,২,৩, ৪ নং এবং শীটের যোগ্যতাভিত্তিক প্রশ্নোত্তর।
Math	নামতা-১১, ১২, ১৩ এর ঘরের। জ্যামিতি: কোণ, সমকোণ, সুক্ষ্মকোণ এবং স্থূলকোণ (শীট থেকে) । সংক্ষিপ্ত প্রশ্নোত্তর: (১-২০)পর্যন্ত (শীট থেকে)
Religion	অধ্যায়-৪: রিডিং, রিডিং, রিডিং থেকে শূন্যস্থান, সং:প্র:উ: এবং শীট থেকে বাম-ডান এবং প্রশ্নোত্তর (ক-ঙ)নং পড়া। (শীট দেওয়া হয়েছে)
Eng-II	Application: Leave in advance (Pg-139); Transfer Certificate (from sheet); Paragraph: Your Native Village (Pg-153); Right Form of verb: Rule (1-5) no. (Pg-85)

বিষয়ঃ বাংলা ১ম পত্র শ্রেণিঃ তৃতীয়

ভাষা শহিদদের কথা

মূলভাবঃ

১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবিতে বুকের তাজা রক্ত ঢেলে দিয়ে মাতৃভাষা রক্ষা করেন ভাষা শহিদেরা। তাঁরা মাতৃভাষাকে রক্ষার জন্য নিজেদের জীবন উৎসর্গ করেছেন। এরা হলেন রফিক, বরকত, জব্বার, সালাম ও নাম না জানা আরও অনেকে। এই ভাষা শহিদেরা দেশকে ও মাতৃভাষাকে ভালোবাসতেন। তাঁদের আত্মত্যাগের ফলে আমরা স্বাধীনভাবে বাংলায় কথা বলতে পারছি। তাই তাঁদেরকে আমরা শ্রদ্ধাভরে স্মরণের জন্য একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করি।

প্রশ্নোত্তরঃ

ক) ছাত্ররা কি দাবি জানিয়েছিল?
উত্তরঃ ১৯৫২ সালে ভাষা শহিদরা বুকের তাজা রক্ত ঢেলে দিয়েছিল। ছাত্রদের দাবি ছিল একটাই "রাষ্ট্রভাষা বাংলা চাই"।

খ) পাকিস্তানিরা কী চেয়েছিলেন?
উত্তরঃ পাকিস্তানিরা উর্দুকে রাষ্ট্রভাষা করতে এবং বাঙালির মুখের ভাষাকে কেড়ে নিতে চেয়েছিল। কিন্তু পূর্ব পাকিস্তানের জনগণ তা মেনে নেয়নি।

গ) ১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারি কে কে শহিদ হয়েছিলেন?
উত্তরঃ ১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারি রফিক, সালাম, বরকত, জব্বারসহ আরো নাম না জানা অনেক তরুণ ছাত্র ও জনতা শহিদ হয়েছিলেন।

ঘ) ভাষার জন্য যাঁরা প্রাণ দিয়েছেন তাঁদের আমরা কী নামে ডাকি?
উত্তরঃ বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা করার জন্য ১৯৫২ সালের ২১ শে ফেব্রুয়ারি আন্দোলন হয়েছে। এ আন্দোলনে ভাষার জন্য যাঁরা প্রাণ দিয়েছিলেন তাঁদেরকে আমরা ভাষা শহিদ নামে ডাকি।

ঙ) ভাষা শহিদরা কেন অমর?
উত্তরঃ ভাষা শহিদরা জীবন দিয়ে বাংলা ভাষার সম্মান রক্ষা করেছেন। তাঁদের আত্মত্যাগের কারণেই বাংলা রাষ্ট্র ভাষা হয়েছে। আমরা স্বাধীনভাবে বাংলা ভাষায় কথা বলতে পারছি। আমরা তাঁদের শ্রদ্ধাভরে স্মরণ করি। তাই তাঁরা অমর।

বিষয়ঃ প্রাথমিক বিজ্ঞান | শ্রেণিঃ তৃতীয়

অধ্যায়-৫ঃ মাটি

কাঠামোবদ্ধ প্রশ্নোত্তরঃ

১। **মাটি কী? মাটি কীভাবে তৈরি হয়েছে? দোআঁশ মাটিতে ভালো ফসল জন্মায় কেন?**

উত্তরঃ মাটি হচ্ছে পৃথিবীর উপরিভাগের নরম আবরণ। নুড়ি পাথর, বালু, পলি, কাদা, বায়ু ইত্যাদি মিলে মাটি তৈরি হয়েছে।

দোআঁশ মাটিতে বালু, কাদা এবং হিউমাস মিশে থাকে। বালু ও কাদা থাকার কারণে দোআঁশ মাটি পানি ও মাটির অন্যান্য উপাদান ধরে রাখতে পারে। এ কারনে দোআঁশ মাটিতে ফসল ভালো জন্মায়।

বাংলাদেশের বেশিরভাগ এলাকা দোআঁশ মাটি দিয়ে গঠিত। তাই সব ধরনের ফসল বাংলাদেশের মাটিতে খুব ভালো জন্মে।

২। কিসের ভিত্তিতে মাটির শ্রেণিবিন্যাস করা হয়? হিউমাস কীভাবে তৈরি হয়? বেলে মাটিতে উৎপন্ন চারটি ফসলের নাম লেখ।

উত্তর: মাটিতে বিদ্যমান বিভিন্ন উপাদানের ভিত্তিতে মাটির শ্রেণিবিন্যাস করা হয়।

উদ্ভিদ ও প্রাণীর মৃতদেহ পচে মাটিতে মিশে হিউমাস তৈরি হয়।

বেলে মাটিতে উৎপন্ন চারটি ফসলের নাম হলো: তরমুজ, চিনাবাদাম, ফুটি, খিরা ইত্যাদি।

New Blown

- An Int'l Standard School-

বিষয়ঃ ইসলাম ও নৈতিক শিক্ষা শ্রেণিঃ তৃতীয়

অধ্যায়ঃ ৩ (আখলাক)

১। বাম-ডান মিলকরণ:

(সেট-০১)

বাম	ডান
ক) আমরা আব্বা-আম্মার জন্য	র) আল্লাহর সন্তুষ্টি
খ) রাব্বির হামহুমা কামা	রর) সন্তানের জান্নাত
গ) পিতার সন্তুষ্টিতে	ররর) আল্লাহর কাছে দোয়া করব
ঘ) মায়ের পায়ের নিচে	রা) রাব্বাইয়ানী সাগীরা
ঙ) সালাম দিলে	া) আল্লাহর অসন্তুষ্টি
	ার) আল্লাহ খুশি হন

উত্তর: (ক + ররর) , (খ + রা) , (গ + র), (ঘ + রর), (ঙ + ার)

(সেট-০২)

বাম	ডান
ক) আমরা আব্বা-আম্মার	র) মেনে চলব
খ) আব্বা আম্মার উপদেশ	রর) পড়ার সাথী
গ) আমরা সকলে একসাথে	ররর) কথা শুনব
ঘ) সহপাঠী অর্থ	রা) মিলে মিশে থাকব
ঙ) সালাম দেওয়া	া) ঝগড়া করব
	ার) সুন্নত

উত্তর: (ক + ররর) , (খ + র) , (গ + রা), (ঘ + রর), (ঙ + ার)

২। যোগ্যতাভিত্তিক প্রশ্নোত্তরঃ

ক) আল্লাহর অধিকারের পর কার অধিকার? আমরা তাদের সাথে কীরূপ আচরণ করব?

উত্তরঃ আল্লাহর অধিকারের পর আব্বা-আম্মার অধিকার। আব্বা-আম্মার সাথে আমরা সবসময় ভালো ব্যবহার করব। তাদের সালাম দেব। সম্মান করব। তাদের আদেশ-নিষেধ মেনে চলব। সেবা করব। বিনয়ের সাথে কথা বলব।

খ) সহপাঠী কারা? সহপাঠীদের সাথে আমরা কীরূপ ব্যবহার করব ৪টি বাক্যে লিখ।

উত্তরঃ একসাথে একই শ্রেণিতে যারা পড়ে তারাই সহপাঠী। সহপাঠীদের সাথে আমরা কীরূপ ব্যবহার করব তা নিচে ৪টি বাক্যে লিখা হলো:

১) সহপাঠী বিপদে পড়লে সাহায্য করব।

২) অসুখ হলে দেখতে যাব।

৩) পড়া জানতে চাইলে বলে দেব।

৪) সহপাঠীর সাথে ঝগড়া করব না।

গ) সালাম কী? কী বলে সালাম দিতে হয়? সালামের উত্তরে কী বলতে হয়? আগে সালাম দিলে কী হয়?

উত্তর: সালাম হলো শান্তির জন্য দোয়া করা। 'আসসালামু আলাইকুম' বলে সালাম দিতে হয়। সালামের উত্তরে বলতে হয় 'ওয়া আলাইকুমুস সালাম'। আগে সালাম দিলে বেশি সওয়াব পাওয়া যায়।

ঘ) মেহমান কাকে বলে? মেহমানের সাথে কীভাবে ভালো ব্যবহার করবে ৪টি বাক্যে লিখ।

উত্তর: যারা আমাদের বাড়িতে বেড়াতে আসেন তাদেরকে মেহমান বলে। মেহমানের সাথে সুন্দর ব্যবহার করা সুন্নত। মেহমানের সাথে ভালো ব্যবহারের ৪টি উপায়:

১) মেহমান আসলে প্রথমে সালাম দিব।

২) তারপরে বসতে দিব।

৩) তাদের সাথে হাসিমুখে কুশল বিনিময় করব।

৪) মেহমানের সাথে একসাথে আহার করব।

ঙ) মানুষের সেব করা কী? মানুষের সেবা করা সম্পর্কে ৪টি বাক্য লেখ।

উত্তর: মানুষের সেবা করা আল্লাহর ইবাদত। মানুষের সেবা করার ৪টি উপায় হলো:

১) ক্ষুধার্তকে খাদ্যদেওয়া।

২) অসুস্থদের সেবা করা।

৩) বস্ত্রহীনকে বস্ত্র দেওয়া।

৪) বিপদে মানুষকে সাহায্য করা।